গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০১.২৬- ৩৫৮ তারিখ : ২২ জুন, ২০২৬ খ্রি.

## উপবৃত্তি কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্দারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত নিম্ন মাধ্যমিক ভোকেশনাল/নিম্ন মাধ্যমিক দাখিল ভোকেশনাল (৬ষ্ঠ-অষ্টম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি) ও চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে (যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অদ্যাবধি উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্ত হয়নি/ DTE Stipend MIS-এ ইতোপূর্বে অন্তর্ভুক্ত হয়নি) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদানের চলমান কার্যক্রমে (২০২৬-২৭ অর্থ বৎসরে) অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, DTE Stipend MIS-এ ইতোপূর্বে অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২। উপবৃত্তি কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির জন্য নির্ধারিত আবেদন ফরম (উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এর পরিশিষ্ট 'খ')-এর সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করে আগামী ২৫ জুন ২০২৬ খ্রি. হতে ৩০ জুলাই ২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে আবেদনের দুই প্রস্থ দাখিল করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা:

ক) প্রতিষ্ঠান অর্ন্তভুক্তির আবেদনপত্র (প্রতিষ্ঠান প্যাডে আলাদা আবেদন করে সংযুক্ত ফরমে তথ্য দিয়ে পূরণ করে দিতে হবে);
খ) প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি (যদি থাকে);
গ) প্রতিষ্ঠানের EIIN কোডের প্রমাণক;
ঘ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠান কোডের প্রমাণক;
ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত পাঠদানের অনুমোদনের কপি;
চ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত পাঠদানের অনুমোদনের হালনাগাদকরণের কপি অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণক (যে কোন একটি) এবং;
ছ) ট্রেড/টেকনোলজির বিভিন্ন সময়ে সংযোজনের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। আঞ্চলিক পরিচালকগণ 'উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারী প্রতিষ্ঠান' হতে প্রাপ্ত আবেদন ও ডকুমেন্টসমূহ যাচাই বাছাই করে মতামতসহ ডকুমেন্টসজ্জিত আবেদনের এক প্রস্থ হার্ডকপি নিম্নোক্ত ছক অনুযায়ী অনুযায়ী ১০ আগস্ট ২০২৬ খ্রি. তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন।

(আঞ্চলিক অফিস কর্তৃক পূরণীয়)

| | | | | | প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত আছে কিনা (থাকলে 'হ্যাঁ' লিখুন; না থাকলে 'না' লিখুন | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | বাকাশিবো কর্তৃক প্রতিষ্ঠান কোড | EIIN কোড | পূরণকৃত ফরমসহ প্রতিষ্ঠান অর্ন্তভুক্তির আবেদন | প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি (যদি থাকে) | প্রতিষ্ঠানের EIIN কোডের প্রমাণক | প্রতিষ্ঠান কোডের প্রমাণক | বাকাশিবো কর্তৃক পাঠদানের অনুমোদনের কপি | পাঠদানের হালনাগাদ কপি/ এফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণক (যে কোন একটি) | ট্রেড/টেকনোলজির বিভিন্ন সময়ে অন্তর্ভূক্তিকরণের অনুমোদনের কপি/ প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) | আঞ্চলিক কার্যালয়ের মতামত | সুপারিশ না করার কারণ (প্রযোজ্য ক্ষেত্রে) |

৪। "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" এর প্রযোজ্য সকল নির্দেশ প্রতিপালন করতে হবে।

৫। আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.techedu.gov.bd) পাওয়া যাবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গৃহীত হবে না। এ বিজ্ঞপ্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রচার করা হলো।

22.06.26

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক
(পরিবীক্ষণ ও মূল্যায়ন/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০১.২৬.৩১৮ তারিখ : ২২ জুন, ২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার .....................(সকল);
২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৪। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫। আঞ্চলিক পরিচালক .............(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৬। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট.................... (সকল);
৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা;
৮। জেলা প্রশাসক.......................(সকল);
৯। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ.............. (সকল);
১০। অধ্যক্ষ, এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠান, .............. (সকল);
১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিভাগের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১৪। জেলা শিক্ষা অফিসার............... (সকল);
১৫। উপজেলা নির্বাহী অফিসার .................... (সকল);
১৬। সহকারী পরিচালক..........(সকল) , কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১৭। প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, স্বতন্ত্র/ সংযুক্ত বেসরকারি এসএসসি (ভোকশনাল)/ দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠান (সকল);
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১৯। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার......................(সকল);
২১। সংরক্ষণ নথি।